



Krishibid Institution Bangladesh, Australia Branch

Email: kib.australia@gmail.com

জাতীয় শোক দিবস – ২০১৮ উপলক্ষ্যে কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, অস্ট্রেলিয়া শাখার শোক বার্তা

"দিকে দিকে আজ অশ্রুগঙ্গা, রক্তগঙ্গা বহমান
নাহি নাহি ভয় তবু হবে জয়, জয় শেখ মুজিবুর রহমান।"

শোকাবহ ১৫ আগস্ট। জাতীয় শোক দিবস।

বাঙালি জাতির জীবনে সবচেয়ে কলঙ্কময়, বেদনার দিন। ১৯৭৫ সালের এ দিনে বাঙালি হারায় স্বাধীন বাংলাদেশের স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। ঘাতকচক্র বঙ্গবন্ধুকে হত্যা করলেও জনগণের কাছ থেকে তার স্বপ্ন ও আদর্শের মৃত্যু ঘটাতে পারেনি। সতের কোটি বাঙালির অন্তরে গ্রোথিত রয়েছে তাঁর ত্যাগ ও তিতিষ্কার সংগ্রামী জীবনাদর্শ।

বঙ্গবন্ধু কৃষিবিদদের কে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে মর্যাদা দিয়ে সোনার বাংলা গড়ার আহ্বান জানিয়ে ছিলেন। সেই প্রত্যয় নিয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ কৃষিবিদ ও কৃষকরা বাংলাদেশকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করেছে।

জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, অস্ট্রেলিয়া শাখা গভীর শ্রদ্ধা জানাচ্ছে। আসুন আমরা বঙ্গবন্ধুকে হারানোর শোককে শক্তিতে রূপান্তর করি এবং তাঁরই লালিত স্বপ্ন সোনার বাংলা বিনির্মাণে আমরা সবাই স্ব স্ব অবস্থান থেকে আত্মনিয়োগ করি।

ধন্যবাদান্তে

কৃষিবিদ ড: আবদুস সাদেক

সভাপতি, কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ

অস্ট্রেলিয়া শাখা

কৃষিবিদ পরমেশ ভট্টাচার্য

সাধারণ সম্পাদক, কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ

অস্ট্রেলিয়া শাখা